



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ০৯ ডিসেম্বর ২০১৬

**এক বছরের মধ্যে গ্রীস থেকে প্রেরিত রেমিটেন্স দ্বিগুন করা সম্ভবঃ সেমিনারে বক্তারা**

প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আজ গ্রীসের রাজধানী এথেন্সে বাংলাদেশ দূতাবাস অয়োজিত এক সেমিনারে বক্তারা এ কথা বলেন। দূতাবাসের কাউন্সেলর (শ্রম), ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত “বৈধ পথে রেমিটেন্স প্রেরণ” বিষয়ক সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন এন বি এল মানি ট্রান্সফারের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শওকত নূর আবেদী। নির্দিষ্ট আলোচক হিসেবে অংশ নেন এথেন্স সেন্টার ট্রাভেল এন্ড মানি ট্রান্সফার-এর সত্ত্বাধিকারী মিসেস হাসিনা সুলতানা নীলা, ভয়েস বাংলা মানি ট্রান্সফার-এর সত্ত্বাধিকারী জনাব শাহীনুল ইসলাম তালুকদার এবং বিশিষ্ট ব্যবসায়ী, মক্কা সিলভার-এর সত্ত্বাধিকারী জনাব আরিফুর রহমান আরিফ। সেমিনারে বক্তাগণ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের গুরুত্বের উপর জোর দিয়ে এ ক্ষেত্রে বিদ্যমান সমস্যার কথা তুলে ধরেন। এই প্রসঙ্গে তারা বৈধ ও অবৈধ পথে রেমিটেন্স পাঠানোর ক্ষেত্রে ইউরো এবং টাকার বিনিময় হারের পার্থক্যকে প্রধান কারণ হিসেবে চিহ্নিত করেন। বক্তারা সবার মধ্যে সচেতনতার সৃষ্টির উপর জোর দিয়ে বলেন যে, এ সচেতনতা সৃষ্টিতে দল মত নির্বিশেষে সকলের ভূমিকা রয়েছে।

গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন তাঁর বক্তব্যে গ্রীসের অর্থনৈতিক মন্দাবস্থা সত্ত্বেও রেমিটেন্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখার জন্য গ্রীস প্রবাসী বাংলাদেশীদের অভিনন্দন জানান। গত অর্থ বছরে গ্রীস থেকে ১৮ মিলিয়ন ডলার রেমিটেন্স প্রেরণের কথা উল্লেখ করে তিনি বলেন যে, এক বছরের মধ্যেই এই সংখ্যা দ্বিগুন করা সম্ভব। এই লক্ষ্য অর্জনে তিনি মানুষের মধ্যে সচেতনতা এবং অবৈধ পথে রেমিটেন্স প্রেরণের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ার কথা বলেন। বিজয়ের মাসে অনুষ্ঠিত এই আলোচনায় তিনি বলেন মহান মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধারা নিজ জীবন উৎসর্গ করতে পারলে বাংলাদেশের গর্বিত নাগরিক হিসেবে আমরা কেন অবৈধ পথে অর্থ পাঠানো বন্ধে দৃঢ় প্রতিজ্ঞ হতে পারবো না। তিনি এই প্রসঙ্গে সকলকে একযোগে কাজ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নে স্ব স্ব অবস্থান থেকে ভূমিকা রাখার উপর জোর দেন। দূতাবাসে অনুষ্ঠিত এই সেমিনারে প্রবাসী বাংলাদেশী নেতৃবৃন্দ উপস্থিত থেকে তাদের মূল্যবান মতামত ও পরামর্শ উপস্থাপন করেন।

আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস আয়োজিত সপ্তাহব্যাপী অনুষ্ঠানের প্রথম কর্মসূচি হিসেবে এই সেমিনারের আয়োজন করা হয়। আগামী ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবসের মূল অনুষ্ঠানে বৈধ পথে রেমিটেন্স প্রেরণের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের সম্মননা প্রদান করবে।



*Shoddy*  
09.12.2016